

ইংরেজি সাহিত্যের ইতিহাস ও বাংলা সাহিত্যের ইতিহাসের তুলনামূলক আলোচনা গ্রন্থ

# ইংরেজি সাহিত্যের ইতিহাস

ড. বিজিত ঘোষ



গ্রন্থতীর্থ

৬৫/৩এ, কলেজ স্ট্রিট  
কলকাতা — ৭০০ ০৭৩

## সূচিপত্র

### উইলিয়াম শেকসপিয়র

১৩-৯১

উল্লেখযোগ্য রচনাবলি ১৩, শেকসপিয়রের নাট্যপ্রতিভা ২৭, শেকসপিয়রের জীবনকথা ২৯, শেকসপিয়রের ট্রাজেডি রচনায় তাঁর কৃতিত্ব ৩১, নাট্যকার হিসেবে শেকসপিয়রের কৃতিত্বের সংক্ষিপ্ত পরিচয় ৩৩, ট্রাজেডি রচনায় শেকসপিয়রের কৃতিত্ব বিচার করে তাঁর প্রধান তিনটি ট্রাজেডি নাটকের পরিচয় ৩৫, 'ম্যাকবেথ' নাটকটিতে লেডি ম্যাকবেথের ভূমিকা ৩৬, দি মার্চেন্ট অফ ভেনিস ৪১, জুলিয়াস সিজার ৪২, কমেডি নাটক রচনায় ইংরেজি সাহিত্যের ইতিহাসে উইলিয়াম শেকসপিয়র-এর অবদান ৪৩, কমেডি নাটক রচয়িতা হিসাবে শেকসপিয়র-এর মূল্যায়ন ৪৬, ইংরেজি সাহিত্যে সনেট রচনায় শেকসপিয়রের কৃতিত্ব ৪৯, উইলিয়াম শেকসপিয়রের সনেট ৫১, শেকসপিয়র ও বাংলা সাহিত্য ৫৪, বাংলা সাহিত্যে অতিপ্রাকৃত ৬২, 'ম্যাকবেথ' নাটকে ব্যবহৃত নাট্যশ্লেষ ৬৩, আয়রনি ৬৬, চিত্রকল্প ৬৮, 'ম্যাকবেথ' নাটককে কেন্দ্র করে শেকসপিয়রের ট্রাজেডি চেতনার পরিচয় ৭০, স্বগতোক্তি ব্যবহারের মধ্য দিয়ে 'ম্যাকবেথ' নাটকের বহিরঙ্গ ও অন্তরঙ্গ-এর তুলনামূলক আলোচনা ৮৭, 'ম্যাকবেথ' নাটক উনিশ শতকের বাংলায় যেভাবে অনুদিত ও মঞ্চে অভিনীত হয়েছিল ৮৯

### বেন জনসন

৯২-১০১

উল্লেখযোগ্য রচনাবলি ৯২

### জন মিলটন

১০২-১৩২

উল্লেখযোগ্য রচনাবলি ১০২, মিলটন ও বাংলা সাহিত্য ১১০, মিলটনের 'প্যারাডাইস লস্ট' ও মধুসূদনের 'মেঘনাদ বধ' কাব্যের অমিত্রাঙ্কর ছন্দ ১১৫, প্যারাডাইস লস্ট কাব্যে 'আবাহন' বা Invocation ১১৬, প্যারাডাইস লস্ট কাব্যে নরকবর্ণনা ১২১, প্যারাডাইস লস্ট কাব্যে মহাকাব্যিক উপমা ১২৫, মহাকাব্যিক উপমা : প্যারাডাইস লস্ট ১৩১

উইলিয়াম ওয়ার্ডসওয়ার্থ	১৩৩-১৪৬
উল্লেখযোগ্য রচনাবলি ১৩৩, বাংলা সাহিত্যে ওয়ার্ডসওয়ার্থের প্রভাব ১৩৯, ওয়ার্ডসওয়ার্থ ও রবীন্দ্রনাথ ১৪১, বাংলা কাব্যে ওয়ার্ডসওয়ার্থ-এর প্রভাব ১৪৫	
স্যামুয়েল টেলর কোলরিজ	১৪৭-১৫৬
উল্লেখযোগ্য রচনাবলি ১৪৭	
স্যার ওয়াল্টার স্কট	১৫৭-১৭৪
উল্লেখযোগ্য রচনাবলি ১৫৭, স্কটের অনুসরণ : বাংলা সাহিত্যে ১৬৩, স্কট ও বঙ্কিমচন্দ্রের তুলনা ১৬৯, বাংলা সাহিত্যে স্কটের প্রভাব ১৬৯	
চার্লস ল্যান্স	১৭৫-১৮৩
উল্লেখযোগ্য রচনাবলি ১৭৫	
লর্ড বায়রণ	১৮৪-১৯৫
উল্লেখযোগ্য রচনাবলি ১৮৪, বায়রণের অনুসরণ : বাংলা সাহিত্যে ১৮৮	
পার্সি বিশি শেলি	১৯৬-২৩৯
উল্লেখযোগ্য রচনাবলি ১৯৬, ইংরেজি সাহিত্যে শেলির কবিধর্মের স্বাভাবিক সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা ২০৪, শেলি ও রবীন্দ্রনাথের তুলনা ২১০, বাংলা কাব্যে শেলির এবং তাঁর 'Adonais'-এর প্রভাব সম্পর্কে একটি প্রবন্ধ ২১২, 'অ্যাডোনেইস মিথ' এবং শেলির রোমান্টিক শোকবাক্য 'অ্যাডোনেইস' ২১২, প্যাস্টোরাল এলিজিবুপে অ্যাডোনেইস ২২৮, প্রথাসিন্ধ এলিজি হিসেবে 'Adonais' ২৩০, শেলির মৃত্যুসম্পর্কিত দর্শন ২৩৫	
জন কিটস	২৪০-২৬৫
উল্লেখযোগ্য রচনাবলি ২৪০, বাংলা সাহিত্যে কিটসের প্রভাব ২৪৬, কিটসের কাব্যসাধনার সংক্ষিপ্ত পরিচয় ২৪৯, কিটসের রচনায় সৌন্দর্য মুগ্ধ কবি হৃদয়ের যে বিশ্ময়কর উৎকর্ষ পরিলক্ষিত হয় তার পরিচয় ২৫২, কিটস-এর কবিতার আবেগবদ্ধ রূপ কিটসকে তার সমকালীন ইংরেজ কবিদের থেকে ভিন্নতা দিয়েছে—আলোচনা করো ২৫৪, বাংলা সাহিত্যে কিটস-এর প্রভাব ২৫৬, কিটস ও শেলির রচনার মধ্যে পার্থক্য ২৫৮, সৌন্দর্যের আলোকে St Agnes কবিতায় প্রেমর রূপ ২৬০, পুরষ্কারের কামনাতপ্ত প্রেম তাপসী মেডলিনের স্বপ্নাশ্রয়ী মনের সান্নিধ্যে এসে যেভাবে রূপান্তরিত হয়েছে ২৬৪	

টমাস ব্যাবিংটন মেকলে	২৬৬-২৬৭
উল্লেখযোগ্য রচনাবলী ২৬৬	
চার্লস ডিকেন্স	২৬৮-২৮২
উল্লেখযোগ্য রচনাবলী. ২৬৮, ঔপন্যাসিক ডিকেন্স ও বাংলা উপন্যাসে তাঁর প্রভাব ২৭৬	
টমাস হার্ডি	২৮৩-২৯৭
উল্লেখযোগ্য রচনাবলী ২৮৩	
জর্জ বার্নার্ড শ	২৯৮-৩০৯
উল্লেখযোগ্য রচনাবলী ২৯৮, ইংরেজি সাহিত্যের ইতিহাসে বার্নার্ড শ-এর নাট্যরচনার কৃতিত্ব ও অবদান ৩০৪, বার্নার্ড শ-এর কমেডি নাটকগুলোতে তাঁর সমাজ ভাবনার পরিচয় ৩০৭, বার্নার্ড শ-এর সাহিত্য কৃতিত্ব ৩০৮	
টি এস এলিয়ট	৩১০-৩৪৪
উল্লেখযোগ্য রচনাবলি ৩১০, আধুনিক কবি ৩১৫, বাংলা কাব্য-সাহিত্যে এলিয়টের প্রভাব ৩১৯, এলিয়ট-আধুনিক কাব্যধারার এক উজ্জ্বল প্রতিভা ৩২০, T S Eliot-এর কাব্যকৃতিত্ব সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা ৩২৩, বিয়ু দে ও এলিয়ট — দুই কবি প্রতিভার সাদৃশ্য ও বৈসাদৃশ্য ৩২৪, এলিয়টের ওয়েস্টল্যান্ড কাব্যের স্বরূপ ও সার্থকতা ৩২৮, Waste Land-এর আধুনিকতা ৩৩৫, এলিয়টের Waste Land কাব্য 'A heap of broken images'— উক্তিটির যথার্থ বিচার ৩৩৭, The Waste Land is an autobiographical poem—আলোচনা ৩৩৯, ওয়েস্টল্যান্ড—বহু কণ্ঠের সমাহার ৩৪০, Waste Land কাব্যের গঠনভঙ্গি ৩৪২	
টীকা	৩৪৫-৩৮০
ইংরেজি সাহিত্যের যুগ-বিভাজন	৩৮১-৪০৮

## উইলিয়াম শেকসপিয়র (১৫৬৪-১৬১৬) William Shakespeare (1564-1616)

জন্ম: ১৫৬৪ খ্রিস্টাব্দের ২৩ এপ্রিল। অ্যাডন নদীর তীরে এক ছোট্ট শহর স্ট্রাটফোর্ডে জন্মগ্রহণ করেন শেকসপিয়র। তাঁর পিতা জন ছিলেন দস্তানা-বিক্রেতা।

মৃত্যু: ১৬১৬ খ্রিস্টাব্দের ২৩ এপ্রিল। মাত্র বাহান্ন বছর বয়সে।

### উল্লেখযোগ্য রচনাবলি

৩৭টি নাটক ও ১৫৪টি সনেটের রচয়িতা উইলিয়াম শেকসপিয়র। অধ্যাপক ডাউডেন শেকসপিয়রের রচনাবলিকে কয়েকটি পর্যায়ে ভাগ করেছেন।

Shakespeare at no period in his career wrote only one variety of play, so that any attempt to discuss his works chronologically cannot treat the plays in kindred groups, nor, conversely, can a discussion of the plays by types keep to a chronological line. One gets a clearer picture of his achievements by sacrificing, in some degree, chronology to a more logical grouping.

Yet, his career as a dramatist may be compartmentalised in this way :-

প্রথম পর্যায় (১৫৯০-১৫৯৫) :

লাভ'স লেবার'স লস্ট (Love's Labour's Lost) ১৫৯০

টাইটাস অ্যান্ড্রোনিকাস অ্যান্ড হেনরি সিক্সথ (Titus Andronicus & Henry VI) ১৫৯০-৯১

দ্য কমিডি অব এররস ও টু জেন্টেলমেন অব ভেরোনা (The Comedy of Error's & Two

Gentlemen of Verona) ১৫৯১-১৫৯২

রিচার্ড থার্ড (Richard III) ১৫৯২-৯৩

ভেনাস অ্যান্ড অ্যাডোনিস ও দি রেপ অব লুক্রেস (Venus and Adonis & The Rape of Lucrece) ১৫৯৩-৯৪

রিচার্ড টু ও কিং জন (Richard II & King John) ১৫৯৪-৯৫

দ্বিতীয় পর্যায় (১৫৯৫-১৬০০) :

রোমিও অ্যান্ড জুলিয়েট ও মিদ সামার নাইটস্ ড্রিম (Romeo and Juliet & A Midsummer Night's Dream) ১৫৯৫-৯৬

দ্য মার্চেন্ট অব ভেনিস্ ও হেনরি ফোর্থ-১ (The Merchant of Venice) ১৫৯৬; (Henry IV) ১৫৯৬  
 এ মিড সামার নাইট'স ড্রিম (A Midsummer Night's Dream) ১৫৯৬  
 হেনরি ফোর্থ-২ ও দ্য মেরি ওয়াইভস্ অব উইন্ডসোর (Henry IV & The Merry Wives of Windsor) ১৫৯৭  
 অ্যাজ ইউ লাইক ইট ও হেনরি ফিফথ্ (As You Like It. & Henry V) ১৫৯৮  
 মাচ অ্যাডো এবায়ুট নাথিং (Much Ado About Nothing) ১৫৯৯  
 টুয়েলফ নাইট (Twelfth Night) ১৬০০

তৃতীয় পর্যায় (১৬০০-১৬০৮) :

সনেট (১৬০০-১৬০১)  
 দ্য টেমিং অব দ্য শ্রু (The Taming of the Shrew) ১৬০১-০২  
 জুলিয়াস সিজার (Julius Caesar) ১৬০১-০২  
 হ্যামলেট (Hamlet, Prince of Denmark) ১৬০১-০২  
 ট্রয়লাস অ্যান্ড ক্রেসিডা (Troilus and Creseida) ১৬০২  
 অল্‌স ওয়েল দ্যাট এন্ডস ওয়েল (All's Well that Ends Well) ১৬০২  
 মেজার ফর মেজার (Measure for Measure) ১৬০৪  
 ওথেলো (Othello) ১৬০৪  
 কিং লিয়ার (King Lear) ১৬০৫  
 ম্যাকবেথ (Macbeth) ১৬০৬  
 অ্যান্টনি অ্যান্ড ক্লিওপেট্রা (Antony and Cleopetra) ১৬০৭  
 টাইমন অব এথেন্স (Timon of Athens) ১৬০৭

চতুর্থ পর্যায় (১৬০৮-১৬১২) :

করিওলেনাস (Coriolanus) ১৬০৮  
 পেরিক্লিস (Pericles) ১৬০৮  
 সিম্বেলিন (Cymbeline) ১৬০৯  
 দ্য উইন্টার'স টেল (The Winter's Tale) ১৬১০-১১  
 দ্য টেম্পেস্ট (The Tempest) ১৬১১  
 হেনরি এইটথ (Henry VIII) ১৬১২

*Love's Labour's Lost (1594)* : It was first published in quarto volume in 1598 and owes something to John Lyly, something to the Italian Commedia dell Arte with its conventional character types and improvised plots. (David Daiches, Vol. - II, P. - 253)

'লাভ'স লেবার'স্ লস্ট' কমেডি'র গল্পাদশ দুর্বল হলেও, শেকসপিয়রের নিজস্ব এই কাহিনীতে তাঁর বুচিশীল দক্ষতার পরিচয় মেলে। ন্যাভারের রাজা আর তার তিন বন্ধু নারী, প্রেম-কে ত্যাগ করে আজীবন চিরকুমার থাকার মনস্থ করেন। তাদের সে ব্রত অবশ্য রক্ষা হয় না, ফ্রান্সের রাজকুমারী আর তার তিন যুবতী বাম্ববীর জন্য। স্যাটায়ার জাতীয় এই রচনায় শেকসপিয়র শুনিয়েছেন অভিজাত সমাজের লর্ডস্ ও লেডিদের নিয়ে মজাদার লঘু চপল কাহিনি।

*Titus Andronicus (1593)* : He wrote, or more probably retouched, Titus Andronicus, a tragedy of atrocious vengeance which reveals an imagination even more fertile of horrors than those which conceived *The Spanish Tragedy* and *The Jew of Malta*. (Legouis and Cazamian)

টাইটাস অ্যান্ড্রোনিকাস—এ নাটকের কেন্দ্রীয় চরিত্র রোমান সেনাধ্যক্ষ টাইটাস। এ ট্রাজেডির কাহিনি ভয়াবহ, ভয়ংকর। হত্যা, পান্টা-হত্যা, বীভৎস হিংসার শ্বাসরুদ্ধকারী আখ্যান।

ঐতিহাসিক নাটকগুলি বাদ দিলে এই 'টাইটাস অ্যান্ড্রোনিকাস'-ই শেকসপিয়রের প্রথম রচনা, এখানে দেখি প্রচলিত সেনেকান ট্রাজেডির গতানুগতিক অনুবর্তন।

*Henry VI (1590-92)*, little removed from the mysteries, is a chronological series of scenes from a very long reign, hardly connected with other and without a central figure. (Legouis and Cazamian)

ষষ্ঠ হেনরি—তিন ভাগে অভিনীত এই নাটকের প্রথম অংশে আছে রাজা ষষ্ঠ হেনরির শাসনকালে ফ্রান্সে ফরাসি ও ইংরেজদের যুদ্ধ এবং ইংরেজদের বিতাড়িত হওয়ার কাহিনি। দ্বিতীয় ভাগে রাজা হেনরির বিবাহ, সেন্ট আলবনসের যুদ্ধ ইত্যাদি। তৃতীয় অংশে আছে ইয়র্কের কাছে হেনরির নতিস্বীকার, মার্গারেথের বিদ্রোহ ঘোষণা।

এই নাটকের কাহিনি সংগৃহীত হয়েছে হলিনসেডের ক্রনিফল্‌স থেকে।

*The Comedy of Errors (1590)* takes its plot from the *Menaechmi* of Plautus and exploits the comic possibilities of two pairs of indistinguishable twins. (David Daiches)

দ্য কমিডি অব এরর'স্—এ অবিকল একইরকম দেখতে দুই যমজ ভাই এবং তাদের দুই যমজ ভৃত্যকে নিয়ে অসাধারণ হাস্যরস সৃষ্টি করেছেন শেকসপিয়র। একদা জাহাজডুবির ফলে বিচ্ছিন্ন হওয়ায় তাদের নিয়ে নানা মজাদার ভুলের সৃষ্টি হয়। যমজ দুই ভাই ও তাদের দু-জন যমজ চাকরকে কেন্দ্র করে কৌতুকপ্রদ ঘটনার মধ্য দিয়ে নাটকটির পরিণতি মিলনান্ত হলেও, এখানে যথেষ্ট কবুণরসেরও অবতারণা করা হয়েছে।

এই নাটকটিকে সমালোচকগণ বলে থাকেন, প্ল্যুটাস—ঐতিহ্যের অনুসারী এবং প্রহসন শ্রেণিভুক্ত।

টু জেন্টেলমেন অব ভেরোনাদি—তে শেকসপিয়র যুবক-যুবতীর প্রেম ও তাদের আসজগলিপ্সার মনস্তাত্ত্বিক বিশ্লেষণ করেছেন। গল্পের নায়ক ব্রেটিউস জুলিয়ার প্রতি প্রেমাসক্ত হয়েও তার বন্ধুর প্রেমিকা সিলভিয়ার প্রেমে দিশেহারা হয়ে যায়। চক্রান্ত করে বন্ধুকে সরিয়ে তার প্রেমিকাকেই বিবাহ করতে চায়। পরিণতিতে নিজের বিশ্বাসঘাতকতার জন্য অনুতপ্ত হয় প্রোটিউস। দুই বন্ধুর মিলন ঘটে। মিলন ঘটে দুই বন্ধুর সঙ্গে তাদের প্রেমিকাদেরও। এখানে রোমান্টিক কমিডি'র নতুন সুর ঝংকৃত হয়েছে।

*Richard III (1592-93)* shows Shakespeare following Marlowe's footsteps and building a tragedy around a central villain. (David Daiches)

In *Richard III* he solves the problem of form by concentrating on the central character, a Marlovian villain redeemed from mechanical badness by his wit and energy; Richard projects his own character by the thoughtful rhetoric of his speech and the Machiavellian virtuosity of his actions, and the element of heroism which he acquires in his final defeat...(David Daiches)

তৃতীয় রিচার্ড—এটি একটি ঐতিহাসিক ট্রাজেডি। সুসংবন্দ্য দৃশ্যাবলি সংবলিত এই নাটকটি নাটকীয়তা ও শিল্পকলার দিক থেকে যথেষ্ট গুরুত্বপূর্ণ। তৃতীয় রিচার্ড মানবরূপী দানব হলেও তাঁর ব্যক্তিত্বকে এখানে যথেষ্ট আকর্ষণীয় করে তুলেছেন শেকসপিয়র।

*Romeo and Juliet* (1595-96), a play of star-crossed lovers, is based on an Italian story which had already been handled in English (via French) both in prose and in verse. Shakespeare's immediate source was the verse rendering, Arthur Brooke's poem *The Tragical History of Romeus and Juliet*.

রোমিও অ্যান্ড জুলিয়েট—এই ব্যর্থ প্রেমের মর্মান্তিক কাহিনিটি শেকসপিয়রের লেখা প্রথম রোমান্টিক ট্রাজেডি। রোমিও ও জুলিয়েট পরস্পরের প্রতি আসক্ত। কিন্তু তাদের দুই পরিবারের বৈরিতা এতই প্রবল যে কারণে রক্তপাত ঘটাতেও তারা দ্বিধাবোধ করে না। এই অবস্থায় রোমিও ও জুলিয়েট একজন খ্রিস্টান সম্মানসূচক সহায়তায় গোপনে বিবাহ করে। এর কিছু পরেই এক বিপর্যয়ের ফলে রোমিও ভেরোনাস থেকে নির্বাসিত হয়ে ম্যানটুয়া চলে যায়। এদিকে জুলিয়েটের পিতা তার বিবাহ ধার্য করে। তখন সম্মানসূচক পরামর্শে জুলিয়েট এমন এক ঔষধ পান করে যাতে তার জীবননাশ না ঘটলেও শরীরে মৃতের সব লক্ষণ পরিস্ফুট হয়। চল্লিশ ঘণ্টা পরে তার জ্ঞান ফিরে আসার কথা। সম্মানসূচক রোমিওর কাছে এই মর্মে খবর পাঠায় যে সে যেন যথাসময়ে ফিরে এসে সমাধিস্থান থেকে জুলিয়েটকে উদ্ধার করে। কিন্তু খবর ঠিকমতো পৌঁছায় না এবং অন্য সূত্র থেকে রোমিও জুলিয়েটের মৃত্যুসংবাদ পায়। সঙ্গে সঙ্গে বিষ সংগ্রহ করে সে জুলিয়েটের কাছে চলে আসে এবং বিষপানে তার মৃত্যু হয়। একটু পরেই জুলিয়েট জেগে ওঠে এবং মৃত রোমিওকে দেখে সে-ও আত্মহত্যা করে। শোকে বিহ্বল দুই পরিবারের তখন চৈতন্যোদয় হয় এবং তাদের দীর্ঘস্থায়ী বিরোধের অবসান ঘটে।

'রোমিও অ্যান্ড জুলিয়েট'-এ দুই ভাগ্য বিড়ম্বিত প্রেমিক-প্রেমিকার বিয়োগান্ত প্রেম-কাহিনিকে চমৎকার রূপ দিয়েছেন নাট্যকার। ট্রাজেডিতে রোমান্টিক প্রেমের অবতারণা এখানেই প্রথম করা হয়েছে।

মন্টেগু বংশের ছেলে রোমিও ও ক্যাবলেট বংশের মেয়ে জুলিয়েটের গোপন বিবাহ দুই পরিবার মেনে নিতে না পারায় দুটি প্রাণ অকালে নষ্ট হয়। নিয়তির হাতের ক্রীড়নক যেন এই দুই ভাগ্যহত নর-নারী। চিরন্তন প্রেমের চিত্তাকর্ষক এই নাটকটিকে রোমান্টিক ট্রাজেডির চমৎকার নিদর্শন বলা যেতে পারে।

*A Midsummer Night's Dream* (1596) lacks the somewhat self-conscious of *Love's Labour's Lost* and shows Shakespeare moving toward an ideal of 'romantic comedy' in which the fortunes of love and the humours of character are skillfully blended. The play is lyrical in tone and masque like in movement. It lacks the graver undertones that are audible in Shakespeare's later comedies.

এ মিদসামার নাইট'স ড্রিম-এটি শেকসপিয়রের প্রথম সার্থক কমেডি। এর সূচনাতে দেখা যায় প্রেমচক্রের আবর্তন। সেই চক্রে লগ্ন হয়ে আছে এথেন্সের চারজন প্রেমিক-প্রেমিকা। ডিমেট্রিয়াস, লাইস্যাণ্ডার, হারমিয়া ও হেলেনা।

শেকসপিয়রের নিজস্ব এই কাহিনিতে বাস্তব-অবাস্তব, প্রাকৃত-অতিপ্রাকৃত, সম্ভব-অসম্ভব, লৌকিক-অলৌকিক ঘটনার একত্র সমাবেশ ঘটেছে। কল্পনাশক্তির জোরে কবি তাঁর কাব্যময় ভাষায় এখানে অপূর্ব এক রহস্যময় জগৎ সৃষ্টি করেছেন। তা যেন এক মধ্যবসন্তের নৈশস্বপ্ন। প্রেমিকা হেলেনাকে ভুলে ডিমেট্রিয়াস হারমিয়ার প্রেমে পাগল হয়। কিন্তু হারমিয়া ভালোবাসে লাইস্যাণ্ডারকে। নানান ঘটনার শেষে, পারস্পরিক ভুল বোঝাবুঝির অবসান ঘটে। এখানে শেকসপিয়র আমাদের নিয়ে গেছেন এক স্বপ্নলোকের মায়াপুরীতে। কাব্যময় ভাষায় কবির কল্পনাশক্তি রহস্যঘন পরিবেশ সৃষ্টি করে অদ্ভুত এক রহস্যময় জগতের দ্বার উন্মোচন করেছেন। এখানে রোমান্টিসিজম অধিকতর প্রাধান্য লাভ করেছে এবং এর মূল কাহিনিই নিয়ন্ত্রিত হয়েছে অতিপ্রাকৃত শক্তির দ্বারা।



নাটকের শেষ ভাগে আছে পিরামাস ও থিসবিকাহিনির কৌতুকাভিনয়।

*Venus and Adonis (1593)* and *The Rape of Lucrece (1593-94)* were dedicated to the Earl of Southampton, the first respectfully, the second with deep personal affection.

The narrative poems like *Venus and Adonis* and *The Rape of Lucrece*, into which he poured all his love for lyrical beauty and command of rhymes, his first essays in drama are so astonishingly various that no one theory fits them and each of them ought to be studied separately. (Legouis and Cazamian)

**ভেনাস অ্যান্ড অ্যাডোনিস** — শেকসপিয়রের লেখা প্রথম কবিতা এটি। প্রেমের দেবী ভেনাসকে এখানে প্রেমময়ী বিরহকাতরা মানবী রূপে আঁকা হয়েছে। তার প্রেমিক অ্যাডোনিস শিকারে গিয়ে বন্য শূকরের আক্রমণে মারা যায়। শোকবিহ্বলা ভেনাস প্রেমিককে ফুলে রূপান্তরিত করে তার প্রেমকে চিরদিনের জন্য অমরত্ব দান করেন।

কবি ওভিডের 'মেটামরফসেস' (Metamorphoses) থেকে এই কাব্যের উপাদান সংগৃহীত হয়েছে। প্রেমের অপূর্ব ব্যঞ্জনা আর প্রকৃতির মনোরম বর্ণনায় কবিতাটি চমৎকার মাধুর্য লাভ করেছে। প্রেম ও সৌন্দর্যের দেবী ভেনাসের অনুপম রূপবর্ণনায় কবি শেকসপিয়র অসামান্য কৃতিত্ব দেখিয়েছেন।

তার এই প্রথম কাব্যটির রচনাকাল, ১৫৯৩-এর ১৮ এপ্রিল। অ্যাডোনিসের কাছে ভেনাসের প্রেম নিবেদন ও অ্যাডোনিসের মৃত্যু এই কবিতার অবলম্বন। এখানে ভেনাসের প্রেমাবেগে পার্থিব নারীর অদম্য কামনাই অভিব্যক্ত হয়েছে। প্রথম রচনা হলেও শেকসপিয়রের বর্ণনাভঙ্গি এখানে যথেষ্ট স্বাভাবিক ও সাবলীল।

**দ্য রেপ অব লুক্রেস**—রাজা টারকুইন লুক্রেসের গৃহে অতিথি হয়েও আতিথ্যের মর্যাদা লঙ্ঘন করে। লুক্রেসের উপর পাশবিক আচরণে উদ্যত হলে পতিব্রতা নারী আত্মহত্যা করে। হৃদয়গ্রাহী কবুণরস সৃষ্টিতে শেকসপিয়র এখানে বিশেষ কৃতিত্বের পরিচয় দিয়েছেন। এই কাব্যগ্রন্থের প্রকাশকাল, ১৫৯৪-এর ৯মে। এই কাহিনিমূলক কাব্যটির মূল প্রতিপাদ্য হল রোমক রাজপুত্র সেক্সটাস টারকুইন কর্তৃক লুক্রেসের ধর্ষণ। কাহিনির গতি এখানে অপেক্ষাকৃত মন্থর। তবে টারকুইনের অন্তর্দ্বন্দ্ব ও দুষ্কৃতির ভয়াবহতা নিপুণতার সঙ্গে অঙ্কিত।

*Richard II (1595-96)* is a more complex and interesting play, deliberately ritualistic – even sacramental – in tone to suggest the Elizabethan view of the Middle Ages.

**দ্বিতীয় রিচার্ড**—দুর্বল-চরিত্র দ্বিতীয় রিচার্ডের রাজ্য শাসন করার যোগ্যতা বিশেষ ছিলনা। শেষ পর্যন্ত আততায়ীর হাতে নিহত হতে হয় তাঁকে। নাট্যকার রাজ্যশাসনে অক্ষম দ্বিতীয় রিচার্ডের কণ্ঠে অনেক কবিতা বসিয়েছেন। এই নাটকটিতে ধ্বনিত হয়েছে দেশপ্রেমের সুর।

*King John (1596-97)*'s relation to an older play, entitled *The Troublesome Reign of King John* was published in two parts in 1591.

**কিং জন**—পোপতন্ত্রের বিরোধী রাজা জন অত্যাচারী হয়েও জাতীয় প্রতীক। জাতীয়তাবোধ ও দেশপ্রেমের উজ্জ্বল ছবি এঁকেছেন এখানে নাট্যকার। শেকসপিয়রের দেশপ্রেম ও ক্যাথলিক ধর্মবিরোধী মনোভাব 'কিং জন'এ সুস্পষ্টভাবেই প্রকাশিত। শৌর্যবীর্যের অধিকারী ফলকনব্রিজের চরিত্রটি এখানে সুঅঙ্কিত।

হলিনশেড ও হলের রচনা থেকে এই নাটকের উপাদান সংগৃহীত হয়েছে। দেশপ্রেম ও জাতীয়তাবোধে উজ্জ্বল চরিত্র হিসেবে আঁকা হয়েছে ব্যাস্টার্ডকে। রাজা জন অত্যাচারী হলেও এই নাটকে তাকে উপস্থাপিত করা হয়েছে জাতির ভাবনা চেতনার প্রতীকরূপে।